

২৯ জানুয়ারি ২০২০ ইং

প্রেস বিজ্ঞপ্তি

আহ্ছানউল্লা বিশ্ববিদ্যালয়ের ফল সেমিস্টার ওরিয়েন্টেশন অনুষ্ঠিত



বক্তব্য রাখেন মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ ফাজলী ইলাহী।

আহ্ছানউল্লা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ফল সেমিস্টার ২০১৯ এর ওরিয়েন্টেশন অনুষ্ঠিত হয়েছে বুধবার বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. এম. এইচ. খান অডিটরিয়ামে। দুই সেশনে এ ওরিয়েন্টেশন অনুষ্ঠিত হয়। দুই সেশনে সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ ফাজলী ইলাহী।

প্রথম সেশনে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইঞ্জিনিয়ার মো. হাসানুজ্জামান, সিইও অ্যান্ড এমইপি কনসাল্টেন্ট, সেক্রেটারি, আশরাফি, বাংলাদেশ চেপ্টার; মেম্বার, ন্যাশনাল ফায়ার প্রটেকশন অ্যাসোসিয়েশন (এনএফপিএ)।

দ্বিতীয় সেশনে প্রধান অতিথি ইঞ্জিনিয়ার রবিউল আলম, এনার্জিপ্যাক পাওয়ার জেনারেশন লি. এর চেয়ারম্যান-এর প্রতিনিধি ইঞ্জিনিয়ার আজিজুর রহমান, ডিএমডি এনার্জিপ্যাক ইঞ্জিনিয়ারিং লি. উপস্থিত ছিলেন।



অনুষ্ঠানে মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ ফাজলী ইলাহী (ডান দিক থেকে পঞ্চমে)।

বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর নবীন শিক্ষার্থীদের উদ্দেশ্যে দিক নির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন। প্রধান অতিথির প্রতিনিধি ও বিশেষ অতিথিও শিক্ষার্থীদের উদ্দেশ্যে গুরুত্বপূর্ণ বক্তব্য প্রদান করেন।

এ সময় আরও বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার মুহাম্মাদ আবদুল গফুর, বিজনেস অ্যান্ড স্যোশাল সায়েন্স ফ্যাকাল্টির ডিন প্রফেসর ড. মো. আমানউল্লাহ, আর্কিটেকচার ফ্যাকাল্টির ডিন প্রফেসর ড. এম. এ. মুক্তাদির, প্রকৌশল ফ্যাকাল্টির ডিন প্রফেসর ড. আবদুর রহিম মোল্লা, বিশ্ববিদ্যালয়ের প্রক্টর প্রফেসর ড. মো. হামিদুর রহমান খান, পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর ড. মো. আমিরুল আলম খান, ছাত্র কল্যাণ উপদেষ্টা প্রফেসর ড. শারমিন রেজা চৌধুরী প্রমুখ।



বিভাগীয় প্রধানরা, অফিস প্রধানরা, শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীরা ও নবীন শিক্ষার্থীরা এ সময় উপস্থিত ছিলেন।

মো. শামসুল হক

সহকারী জনসংযোগ কর্মকর্তা।

আহ্‌ছানউল্লা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।